

**আটপাড়ায় মাদ্রাসা
 শিক্ষকের বিরুদ্ধে
 ছাত্রীদের যৌন
 হয়রানির অভিযোগ**

■ নেকরকোনু প্রতিবেদিত্ব
 জেলার আটপাড়া উপজেলার দূওর
 ইউনিয়নের খিদ্দান টেংগা গ্রামের
 বিহুসবান জামিয়া, আরাকিয়া বালিকা
 মাদ্রাসার শিক্ষক হাফেজ বশির
 উদ্দিনের বিরুদ্ধে ছাত্রীদের যৌন
 হয়রানির অভিযোগ উঠেছে। এ নিয়ে
 এলাকাবাসী ও অভিভাবকরা মঙ্গলবার
 সন্ধ্যায় বৈঠক করে। সবাই এই শিক্ষকের
 বিচার দাবি করেছেন।

খিদ্দান টেংগা গ্রামের খ্রিটেন প্রবাসী
 হাফেজ মাওলানা গোলাম রব্বানী
 এলাকায় কয়েকটি মাদ্রাসা প্রতিষ্ঠা
 করেন। গ্রামে পাঁচতলা বিত্তিং করে
 আবাসিক-জনাবাসিক হোটেল নির্মাণ
 করে ২০০২ সাল থেকে একটি বালিকা
 মাদ্রাসা পরিচালনা করে আসছেন
 তিনি। বালিকা মাদ্রাসায় প্রায় ৪০০
 শিক্ষার্থী ও ২১ শিক্ষক রয়েছেন।
 মাদ্রাসার ভেতরে বাইরের কেউ প্রবেশ
 করতে পারে না। মাদ্রাসার কয়েক
 শিক্ষার্থী শিক্ষক মাওলানা বশিরের
 বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ করে
 জানায়। মাদ্রাসার ছোট-বড়
 শিক্ষার্থীদের কাছে ভেতর দিয়ে
 শরীরের বিভিন্ন স্থানে হাত দেন তিনি।